# ইসলামী জ্ঞান: নিত্যদিনের প্রয়োজনে

বিভাগ/অধ্যায়ঃ আলিমগনের উক্তি এবং নসিহা

রচয়িতা/সঙ্কলকঃ ড. আবু বকর মুহাম্মাদ যাকারিয়া

ইমাম সুফিয়ান ইবন সাঈদ আস সাওরী (রহিমাহুল্লাহ) এর কিছু উপদেশ

## ইমাম সুফিয়ান ইবন সাঈদ আস সাওরী (রহিমাহুল্লাহ) এর কিছু উপদেশের মধ্যে রয়েছে:

- “তুমি সর্ব অবস্থায় সত্যবাদিতাকে আঁকড়ে ধরো, মিথ্যা ও বিশ্বাসঘাতকতা এবং যারা এগুলোর সঙ্গী—তাদের সঙ্গ থেকে বেঁচে চলো।

- হে আমার ভাই! কথায় ও কাজে রিয়াকারের (দেখানোর) পথ অবলম্বন কোরো না, কেননা এটি প্রকৃত শির্ক। অহংকার থেকেও বেঁচে চলো, কেননা যে আমলে অহংকার থাকে, সে সৎকর্ম আল্লাহর দিকে উঠে না।

- তোমার দীন কেবল সেই ব্যক্তির কাছ থেকেই গ্রহণ করো, যে তার দীনের ব্যাপারে উদ্বিগ্ন থাকে (নিজেকে পাক্কা ঈমানদার দাবী না করে আল্লাহর ভয়ে ভীত থাকে)। আর তোমার সঙ্গী হোক সেই ব্যক্তি, যে তোমাকে দুনিয়া থেকে বিমুখ করে আর আখিরাতের প্রতি উৎসাহিত করে।

- দুনিয়াবাজ লোকদের সাথে বসো না, যারা দুনিয়ার কথাবার্তায় মশগুল থাকে; কেননা তারা তোমার দীন ও হৃদয়কে নষ্ট করে দেয়। মৃত্যুর কথা বেশি বেশি স্মরণ করো, আর অতীতে হয়ে যাওয়া গোনাহ থেকে বেশি বেশি ইস্তিগফার করো।”

- হিলইয়াতুল আওলিয়া ৭/৪৭।

## ফুটনোট

https://www.facebook.com/abubakar.m.zakaria/posts/pfbid0wPpTfVqi8FLLUdkhgwUFM35Lzd13A7EAJNoq2vrfgUe5MdFFNPXcnfVZnYeVtQPNl

Source — https://www.hadithbd.com/books/link/?id=15122

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন